উপজেলা পরিষদ কার্যালয়
আদিতমারী, লালমনিরহাট

বিষয় : উপজেলা পরিষদের আগস্ট/২০২৫ মাসে অনুষ্ঠিত মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি : বিধান কান্তি হালদার
প্রশাসক, উপজেলা পরিষদ
আদিতমারী, লালমনিরহাট।

সভার স্থান : উপজেলা পরিষদ সভা কক্ষ।

তারিখ : ২৬/০৮/২০২৫ খ্রিঃ

সভার সময় : সকাল- ১১.৩০ ঘটিকা।

উপস্থিতি : পরিশিষ্ট "ক"

উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অত:পর গত ২৮/০৭/২০২৫ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয়। সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা অনুমোদিত এবং গৃহীত হয়। সভায় নিম্নবর্ণিত বিষয়াবলীর উপর বিস্তারিত আলোচনান্তে এবং সর্বসম্মতিক্রমে সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| ক্রঃ নং | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | কৃষি বিভাগ | (ক) উপজেলা কৃষি অফিসার, আদিতমারী, লালমনিরহাট সকলকে ধন্যবাদ জানিয়ে বলেন যে, ২০২৫-২৬ অর্থবছরে চলতি খরিপ-২ মৌসুমে আদিতমারী উপজেলার জন্য ১০০ জন ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের মাঝে বিনামূল্যে মাশকলাই বীজ ও রাসায়নিক সার প্রণোদনার আওতায় প্রাপ্য হবেন। রোপা আমন আবাদের অগ্রগতি চলমান ১৩৬৯০ হেক্টর, শাকসবিজ-৪২০ হেক্টর, গ্রীষ্মকালীন পেঁয়াজ-১ হেক্টর ও মাশকলাই-২ হেক্টর মাঠে রয়েছে। এছাড়াও রংপুর বিভাগ কৃষি ও গ্রামীণ উন্নয়ন প্রকল্পের আওতায় রাইস ট্রান্সপ্লান্টার ১০টি যন্ত্র কৃষক গ্রুপের মাঝে বিতরণ করা হয়েছে। বর্তমানে উপজেলায় রাসায়নিক সার ইউরিয়া-২৬৮ মে.টন, টিএসপি-১৮.৭৫ মে.টন, ডিএপি-৮৮.৮০ মে.টন এবং এওপি-১০৯.০৫ মে.টন মজুদ আছে। মাঠে দন্ডায়মান বিভিন্ন ফসলের পোকা মাকড় ও রোগবালাইয়ের আক্রমন নিয়ন্ত্রনে রয়েছে। ডিজেলের মজুদ সন্তোষজনক। | (ক) মাঠ পর্যায়ে বিভিন্ন ফসলের পোকা মাকড় ও রোগবালাইয় দমন/প্রতিরোধে উপসহকারী কৃষি কর্মকর্তাগণদ্বারা নিয়মিত পরিদর্শন করতে হবে। সারের দোকানগুলো নিয়মিত মনিটরিং করতে হবে কোথাও কোন অনিয়ম পরিলক্ষিত হলে মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে। | উপজেলা কৃষি অফিসার, আদিতমারী। |
| | | (খ) তিনি সভায় আরো জানান যে, চলতি মাসে ২০২৫ মাসে ভারি বর্ষন ও উজান থেকে নেমে আসা তিস্তানদীর পানি ব্যাপক বৃদ্ধির ফলে মহিষখোচা ইউনিয়নের বেশ কিছু এলাকা পানি বন্ধি হয়ে পরে। বানের পানিতে রোপা আমণ ধানের ২২ বিঘা ফসলী জমি পুরোপুরি ভাবে নষ্ট হয়ে যায়। নতুন করে বীজতলা তৈরী এবং ধানের চারা উৎপাদন করে পুন:রায় রোপন করাও অসম্ভব। বিষয়টি উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক, আদিতমারী মহোদয় অনুধাবন করে বাহির থেকে আমন ধানের চারা ক্রয় করে কৃষকের মাঝে বিতরণের মৌখিক নির্দেশনা প্রদান করেন। তৎপ্রেক্ষিতে উপসহকারী কৃষি কর্মকর্তাগণ বিভিন্ন স্থানে খোঁজখবর করে জনাব মোঃ হযরত আলী, পিতা-মৃত- আবুল হোসেন, গ্রাম-বারোঘড়িয়া এর নিকট হতে ব্রিধান-৫২ এর ১১ বিঘা জমি রোপনের জন্য চারা বাবদ ১৫,০০০/-টাকা এবং জনাব মোঃ মফিজুল ইসলাম, পিতা- মৃত মতিয়ার রহমান, গ্রাম-বারোঘড়িয়া এর নিকট থেকে ১১ বিঘা জমি রোপনের জন্য ব্রিধান-৯৩ এর চারা ১৫,০০০/- টাকায় ক্রয় করে উপজেলা নির্বাহী অফিসারের উপস্থিতিতে ক্ষতিগ্রস্থ কৃষকের মাঝে বিতরণ করা হয়। তিনি সভায় বর্ণিত বিল ০২টি উপজেলা পরিষদের অপ্রত্যাশিত খাত হতে নির্বাহের নিমিত্ত প্রস্তাব করেন। এছাড়া কৃষি বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | (খ) ভারি বর্ষন ও উজান থেকে নেমে আসা তিস্তা নদীর বানের পানিতে ক্ষতিগ্রস্থ কৃষকের মাঝে আমন ধানের চারা বিতরণে ব্যয়িত (১৫,০০০+১৫,০০০) =৩০,০০০/- টাকা উপজেলা পরিষদের অপ্রত্যাশিত খাত হতে নির্বাহের প্রস্তাব ভূতাপেক্ষ অনুমোদিত হলো। | উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা কৃষি অফিসার, আদিতমারী। |
| ০২ | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, আদিতমারী, এর প্রতিনিধি সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। তবে আদিতমারী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ০১টি মাত্র নলকূপ থাকায় ব্যবহারকারীর তুলনায় তা যথেষ্ট না। ফলে প্রায় সময়ে নষ্ট হচ্ছে। তিনি সভায় সহকারী প্রকৌশলী, (জনস্বাস্থ্য) এর দৃষ্টি আকর্ষণ করে জানান যে, জরুরী ভিত্তিতে এ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নূন্যতম আরো একটি আর্সেনিকমুক্ত নলকূপ স্থাপনের অনুরোধ জানান। | (১) স্বাস্থ্য বিভাগের কার্যক্রম আরও গতিশীল এবং সঠিক ভাবে পরিচালনা করতে হবে।<br><br>(২) আদিতমারী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে রোগীদের ব্যবহারের জন্য একটি গোড়াপাকাসহ নলকূপ স্থাপন করতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, আদিতমারী,<br><br>সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), আদিতমারী |

<table>
<tr>
<td>০৩</td>
<td>প্রাণি সম্পদ বিভাগ</td>
<td>উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, আদিতমারী, লালমনিরহাট সভায় জানান যে,
<table>
<tr><th>ক্র: নং</th><th>কার্যক্রমের নাম</th><th>বার্ষিক লক্ষ মাত্রা</th><th>চলতি মাসে অর্জন</th></tr>
<tr><td>১</td><td>সরকারিভাবে কৃত্রিম প্রজনন সম্প্রসারণ (সংখ্যা)</td><td>৪৮০০</td><td>৪৮০</td></tr>
<tr><td></td><td>ক. তরল সিমেন দ্বারা</td><td>০</td><td>০</td></tr>
<tr><td></td><td>খ. হিমায়িত সিমেন দ্বারা</td><td>৪৮০০</td><td>৪৮০</td></tr>
<tr><td>২</td><td>সংকর জাতের গবাদি পশুর বাছুরের তথ্য সংগ্রহ (সংখ্যা)</td><td>১৯২০</td><td>১৬৮</td></tr>
<tr><td>৩</td><td>সরকারিভাবে টিকা প্রদান সম্প্রসারণ</td><td>৮৩৫৬৬০</td><td>৬৫৯৭২</td></tr>
<tr><td></td><td>ক) গবাদি পশু (সংখ্যা)</td><td>৭৭৬৬০</td><td>২৭২</td></tr>
<tr><td></td><td>খ) হাঁস-মুরগী (সংখ্যা)</td><td>৭৫৮০০০</td><td>৬৫৭০০</td></tr>
<tr><td>৪</td><td>গবাদিপশুর চিকিৎসা প্রদান (সংখ যা)</td><td>২৬৯৩৪</td><td>২২০৮</td></tr>
<tr><td>৫</td><td>হাঁস-মুরগির চিকিৎসা প্রদান (সংখ্যা)</td><td>১৩০৮৫১</td><td>১০৯১১</td></tr>
<tr><td>৬</td><td>পোষা প্রাণীর চিকিৎসা প্রদান(সংখ্যা)</td><td>৫৫</td><td>৬</td></tr>
<tr><td>৭</td><td>গবাদিপশু-পাখির রোগ অনুসন্ধানে নমূনা সংগ্রহ ও গবেষণাগারে প্রেরণ (সংখ্যা)</td><td>১০৬</td><td>১৮</td></tr>
<tr><td>৮</td><td>গবাদিপশু-পাখির ডিজিজ সার্ভিলেন্স (সংখ্যা)</td><td>১৯</td><td>২</td></tr>
<tr><td>৯</td><td>ফ্রি ভেট রিনারি মেডিকেল ক্যাম্পস্থাপন (সংখ্যা)</td><td>৯</td><td>২</td></tr>
<tr><td>১০</td><td>খামারী প্রশিক্ষণ (সংখ্যা)</td><td>-</td><td>২০০</td></tr>
<tr><td></td><td>(ক) খামারী প্রশিক্ষণ প্রদান (সংখ্যা)</td><td>৮৪০</td><td>৬০</td></tr>
<tr><td></td><td>(খ) অন্যান্য / বেসরকারী পর্যায়ে খামারী প্রশিক্ষণ (সংখ্যা)</td><td>-</td><td>১৪০</td></tr>
<tr><td>১১</td><td>মাংস প্রক্রিয়াজাতকারীদের প্রশিক্ষণ প্রদান (সংখ্যা)</td><td>৩৬</td><td>০</td></tr>
<tr><td>১</td><td>উ ০ান বৈঠকে আয়োজন সংখ্যা</td><td>৫৮</td><td>৫</td></tr>
<tr><td>১৩</td><td>স্থায়ী ঘাস চাষ সম্প্রসারণ (একর)</td><td>৩৩.০০</td><td>৩.৬০</td></tr>
<tr><td>১৪</td><td>খামার / ফিড মিল/ হ্যাচারি পরিদর্শন (সংখ্যা)</td><td>১১২</td><td>১২</td></tr>
<tr><td>১৫</td><td>গবাদিপশুর খামার রেজিস্ট্রেশন ও নবায়ন (সংখ্যা)</td><td>১৩</td><td>০</td></tr>
<tr><td>১৬</td><td>পোল্ট্রি খামার রেজিস্ট্রেশন ও নবায়ন (সংখ্যা)</td><td>৪</td><td>১</td></tr>
<tr><td>১৭</td><td>মোবাইল কোর্ট পরিচালনাকরা (সংখ্যা)</td><td>৩</td><td>১</td></tr>
<tr><td>১৮</td><td>দুধ উৎপাদন (মেট্রিক টন)</td><td>২৫২৬০.০০</td><td>২১৬৬.৬৪</td></tr>
<tr><td>১৯</td><td>মাংস উৎপাদন (মেট্রিক টন)</td><td>১৭২০০.০০</td><td>১৪৩৭.৬৩</td></tr>
<tr><td>২০</td><td>ডিম উৎপাদন (লক্ষ)</td><td>৫০২.৮৯</td><td>৪০.৩০</td></tr>
</table>
এছাড়াও এ উপজেলার বিভিন্ন গ্রামীন সড়কের দুইপার্শ্বের মাটি ক্ষয়রোধ এবং গো-খাদ্যের যোগান হিসেবে উন্নত জাতের (নেপিয়ার) ঘাস লাগানো কার্যক্রম চলমান রয়েছে।</td>
<td>মাঠ পর্যায়ে খামারিদের গবাদি পশুর সংক্রমক রোগের বিস্তাররোধে ভেটেরিনারি মেডিকেল টিমের তৎপরতা বৃদ্ধি করতে হবে। গবাদি পশু মোটাতাজা করণের জন্য স্টেরয়েড বা হরমোন ব্যবহারের নিরুৎসাহিত করার প্রচার প্রচারনা চালাতে হবে।</td>
<td>উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, আদিতমারী।</td>
</tr>
<tr>
<td>০৪</td>
<td>প্রকৌশল বিভাগ</td>
<td>সভায় উপজেলা প্রকৌশলী জানান যে, ২০২৪-২০২৫ অর্থ বছরের এডিপি'র এবং রাজস্ব উন্নয়ন তহবিল (জিওবি) অর্থ দ্বারা বাস্তবায়নযোগ্য প্রকল্পসমূহের কাজ ইতোমধ্যে সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে। চলতি ২০২৫-২০২৬ অর্থ বছরের ১ম কিস্তির বরাদ্দ এখনো পাওয়া যায়নি। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে।</td>
<td>২০২৫-২০২৬ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন তহবিল এডিপি'র বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে বিধি মোতাবেক বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করতে হবে।</td>
<td>উপজেলা প্রকৌশলী আদিতমারী।</td>
</tr>
<tr>
<td>০৫</td>
<td>প্রাথমিক শিক্ষা বিভাগ</td>
<td>সহকারী উপজেলা শিক্ষা অফিসার, আদিতমারী সভায় জানান যে, এ বছর সরকারের সিদ্ধান্ত অনুযায়ী প্রাথমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠানে গত ১৮/০৮/২০২৫ খ্রি. তারিখ হতে দ্বিতীয় প্রান্তিক মূল্যায়ন পরীক্ষা শুরু হয়েছে। নীতিমালা মোতাবেক পরীক্ষা পরিচালনা ও যথাসময়ে ফলাফল প্রদানের পরামর্শ দেওয়া হয়েছে। তিনি সভায় উপস্থিত সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান এবং অফিসারকে এ উপজেলার প্রাথমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানগুলোকে সময় সুবিধা মোতাবেক পরিদর্শনপূর্বক সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের পরিদর্শন বহিতে মতামত প্রদানের অনুরোধ জানান। এছাড়া অন্যান্য দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে।</td>
<td>(১) শিক্ষা প্রতিষ্ঠানের নিয়মিত পাঠদান পরিচালনাসহ মনিটরিং জোরদার করতে হবে। শিক্ষার্থীদের ঝড়ে পড়ারোধ কল্পে কার্যকরি পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>(২) এ উপজেলা সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের আওতায় সকল শিক্ষা প্রতিষ্ঠান ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ/উপজেলা পর্যায়ের সকল অফিসারগণ পরিদর্শন/দর্শনপূর্বক পরিদর্শন বহিতে মতামত প্রদান করবেন। কোন প্রকার অনিয়ন পরিলক্ষিত হলে উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা শিক্ষা অফিসার বরাবর প্রতিবেদন প্রেরণ করবেন।</td>
<td>উপজেলা শিক্ষা অফিসার, আদিতমারী/ সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান/ কর্মকর্তা (সকল)</td>
</tr>
</table>

| | | | | |
|---|---|---|---|---|
| ০৬ | মাধ্যমিক শিক্ষা বিভাগ | সভায় উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জানান যে, বর্তমানে মাধ্যমিক পর্যায়ে সকল শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্রছাত্রীদের হাতেই মোবাইল ফোন দেখা যাচ্ছে, অনেকেই ক্লাস চলাকালীন সময়ে মোবাইল ফোন সংগে রাখছেন। ফলে শ্রেণীকক্ষে শিক্ষকদের পাঠদান ব্যহত হচ্ছে এবং ছাত্রছাত্রীর মনোযোগ ব্যহত হচ্ছে। সকল শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্রছাত্রীরা যেন মোবাইল ফোন সংগে আনতে না পারে এ বিষয়ে বিধি নিষেধ আরোপের জন্য সভায় প্রস্তাব করেন। শিক্ষার মান বৃদ্ধির লক্ষে শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে নিয়মিত মনিটরিং করা হচ্ছে। জনবলের স্বল্পতার কারণে মনিটরিং কিছুটা বিঘ্নিত হলেও কার্যক্রম চলমান রয়েছে। তিনি সভায় উপস্থিত সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান এবং অফিসারগণকে এ উপজেলার মাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠানগুলো সময় সুবিধা মোতাবেক পরিদর্শনপূর্বক সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের পরিদর্শণ বহিতে মতামত প্রদানের অনুরোধ জানান।এছাড়া বিভাগের অন্যান্য দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | (১) শিক্ষার মান বৃদ্ধির লক্ষে শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে নিয়মিত মনিটরিং করতে হবে। কোন অনিয়ম হলে লিখিত ভাবে ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(২) কোমলমতি ছাত্রছাত্রীদের ভবিষ্যতের কথা বিবেচনা করে শিক্ষা প্রতিষ্ঠানে মোবাইল ফোন ব্যবহার নিষিদ্ধ করতে হবে। এ বিষয়ে অভিভাবক সমাবেশ করে সকল অভিভাবক ও ছাত্রছাত্রীদের অবগত করতে হবে।<br>(৩) এ উপজেলা সকল শিক্ষা প্রতিষ্ঠান ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ/উপজেলা পর্যায়ের সকল অফিসারগণ পরিদর্শন/ দর্শনপূর্বক পরিদর্শন বহিতে মতামত প্রদান করবেন। কোন প্রকার অনিয়ন পরিলক্ষিত হলে উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার বরাবর প্রতিবেদন প্রেরণ করবেন। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার/ সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান/ সকল কর্মকর্তাগণ/ শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান (সকল)। |
| ০৭ | প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, আদিতমারী, সভায় জানান যে, ২০২৪-২০২৫ অর্থ বছরের কাবিখা/কাবিটা ও টিআর এর কাজ শতভাগ সম্পন্ন হয়েছে। জুলাই ২০২৫ পরবর্তী পর পর তিন বার তিস্তা নদীর বন্যার বৃদ্ধি পাওয়ায় তিস্তানদী তীরবর্তী নিচু এলাকা প্লাবিত হয়ে প্রায় ৫০০০ পরিবার পানিবন্ধি হয়ে পরে। পরবর্তীতে উক্ত পরিবারের মাঝে ১ কেজি হারে ৫০ মে.টন জি,আর চাল ও ১৬০ প্যাকেট শুকনা খাবার বিতরণ করা হয়েছে। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক চলমান রয়েছে। | তিস্তা নদীর তীরবর্তী এলাকা এবং তিস্তা নদীর পানি বৃদ্ধি নিয়মিত মনিটরিং করতে হবে। বানভাসী মানুষদের তালিকা যেন সঠিকভাবে হয় এ বিষয়ে সচেতন থাকতে হবে। | প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, আদিতমারী। |
| ০৮ | সমাজ সেবা বিভাগ | উপজেলা সমাজসেবা অফিসার, আদিতমারী, সভায় জানান যে, রোগী কল্যান সমিতির পক্ষ্য থেকে প্রতিটি সরকারী হাসপাতালে একজন করে ইউনিয়ন সমাজকর্মী বসার বিধান রয়েছে। সে মোতাবেক আদিতমারী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে একজন ইউনিয়ন স্বাস্থ্যকর্মী বসার জন্য একটি কক্ষ্য বরাদ্দ রাখার জন্য উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তার দৃষ্টি আকর্ষণ করেন। এছাড়া তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | বিধি মোতাবেক উপজেলা স্বাস্থ কমপ্লেক্সে ইউনিয়ন স্বাস্থ্যকর্মীর বসার জন্য কক্ষ বরাদ্দ চেয়ে পত্র প্রেরণ করতে হবে। | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা, আদিতমারী। |
| ০৯ | মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, রাজস্ব বাজেটের অধীনে এ উপজেলায় পোনা মাছ অবমুক্তকরণ কর্মসূচির আওতায় সর্বমোট ১,২০,০০০/- টাকার বরাদ্দ পাওয়া যায়। উক্ত বরাদ্দের বিপরীতে মৎস্য বীজ উৎপাদন খামার লালমনিরহাট হতে ৪৫৬ কেজি কার্প জাতীয় এবং ০৬ কেজি শিং জাতীয় পোনা মাছ ক্রয় অন্তে বিতরণ করা হয়েছে। সরকার ঘোষিত জাতীয় মৎস্য সপ্তাহ ২০২৫ যথাযথ ভাবে উদ্‌যাপন করা হয়েছে। চলতি মাসে অভিযান চালিয়ে ভাদাই ইউনিয়নের নেকাতের ঘাট হতে ৫০০মিটার ফিক্সড ইনজিন জব্দ ও ধ্বংস করা হয়েছে। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | দেশীয় প্রজাতির মাছ সংরক্ষনে অবৈধ কারেন্ট জাল, জঞ্জাল, রিংজালসহ এ জাতীয় সকল অবৈধ প্রযুক্তির বিরুদ্ধে অভিযান পরিচালনা করতে হবে। | উপজেলা মৎস্য অফিসার, আদিতমারী। |
| ১০ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জুলাই/২০২৫ খ্রিঃ মাসের অগ্রগতির প্রতিবেদন নিম্নরুপে উপস্থাপন করেন। **(১) স্থায়ী পদ্ধতি ঃ** ক) পুরুষ- নেই, খ) মহিলা- ০৪ জন। **(২) দীর্ঘমেয়াদী পদ্ধতি ঃ** ক) আইইউডি- ০১ জন, খ) ইমপ্লান্ট- ৪৭ জন **(৩) অস্থায়ী পদ্ধতি ঃ** ক) খাবার বড়ি সুখী বিতরণ- ৩৭৩ সাইকেল, খ) খাবার বড়ি আপন বিতরণ- ১২০ সাইকেল, গ) কনডম- ৩৯৯৬ পিস, ঘ) ইনজেকটেবল্‌স- ১,১৭৭ ভায়েল। **(৪) মা ও শিশু স্বাস্থ্য কার্যক্রম ঃ-** ক) গর্ভবতী মা এর সংখ্যা- ১,৬৬২ জন, খ) গর্ভবতী মা এর পরিচর্যা- ১০৬৯ জন, গ) প্রসবোত্তর সেবা- ২১৬ জন, ঘ) জীবিত জন্ম- ২৩৩জন, ঙ) ০-৫ বছরের শিশু সেবা- ৩৩২০ জন, চ) সাধারণ রোগীর সেবা- ২৬৪ জন। **(৫) পরিবার পরিকল্পনা কার্যক্রম ঃ মোট সক্ষম দম্পতি ঃ** ৫০৬৪৪ জন, **(৬) মোট পদ্ধতি গ্রহণকারী ঃ** ৪০৯২৮ জন, **(৭) পদ্ধতি গ্রহণকারীর হার (CAR)** ঃ ৮০.৮২%। এছাড়া বিভাগীয় অন্যান্য কাজ স্বাভাবিক ভাবে চলছে। | নিয়মিত স্বাস্থ্যসেবা প্রদানসহ আবাসন, গুচ্ছগ্রাম ও আদর্শগ্রাম প্রকল্পে পরিবার পরিকল্পনা সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধির লক্ষে সেমিনার/মতবিনিময় সভার আয়োজন করতে হবে। | উপজেলা পঃপঃ অফিসার, আদিতমারী। |

চলমান পাতা-০৪

| | | | | |
|---|---|---|---|---|
| ১১ | যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, আগামী ১লা সেপ্টেম্বর ২০২৫ হতে জেলা যুব প্রশিক্ষণ কেন্দ্রে যুবকদের মাঝে ফ্রিল্যান্সিং প্রশিক্ষণ প্রদান করা হবে। উক্ত প্রশিক্ষণে অংশগ্রহণ করার জন্য এইচএসসি পাস সার্টিফিকেট ধারী যুবকদের অনলাইনে আবেদন করতে হবে। এ সংক্রান্ত বিস্তারিত তথ্য লালমনিরহাট যুব উন্নয়ন অধিদপ্তরের ওয়েব সাইডে পাওয়া যাবে। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | ১লা সেপ্টেম্বর ২০২৫ হতে শুরু হতে যাওয়া ফ্রিল্যান্সিং প্রশিক্ষণের বিষয়ে ব্যাপক প্রচার প্রচারনা চালাতে হবে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, আদিতমারী। |
| ১২ | মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, আদিতমারী সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | বিধি মোতাবেক নিষ্পত্তি করতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, আদিতমারী |
| ১৩ | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | সহকারী প্রকৌশলী, (জনস্বাস্থ্য), আদিতমারী, লালমনিরহাট সভায় জানান যে, সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় ৯৬টি অগভীর নলকূপের কাজ এ মাসের মধ্যেই শেষ হবে। আশ্রয়ণ-২ প্রকল্পের ৪০টি অগভীর নলকূপের কাজ শেষ হয়েছে। ২০২৫-২০২৬ অর্থ বছরের বরাদ্দ এখনো পাওয়া যায়নি। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সুষ্ঠভাবে চলমান রয়েছে। | বিধি মোতাবেক দাপ্তরিক কার্যক্রম পরিচালনা করতে হবে। | সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য কর্মকর্তা/ উপজেলা প্রকৌশলী, আদিতমারী। |
| ১৪ | সমবায় বিভাগ | উপজেলা সমবায় অফিসার, আদিতমারী সভায় জানান যে, (১) **বিভাগীয় ঃ** ক) অডিট যোগ্য সমিতির সংখ্যা- ১২৩টি, খ) অডিট সম্পাদনকৃত সমিতির সংখ্যা- ১২৩ টি, গ) অডিট নোট দাখিল- ১২৩টি, বর্তমানে এ পর্যন্ত সমবায় সমিতির সংখ্যা ১২৮ টি। (২) **অডিট সেস ঃ** ক) ধার্যকৃত অডিট সেস- ৩১৬৩০/- টাকা, খ) আদায়কৃত অডিট সেস- ৩১৬৩০/- গ) অনাদায়ী অডিট সেস- নেই, ঘ) ১৫% ভ্যাট আদায়- ৪৭৫৬/- টাকা, ঙ) আদায় হার- ১০০%। (৩) **সিডিএফ ঃ** ক) ধার্যকৃত সিডিএফ- ২৫৮৭৩/- টাকা, খ) আদায়কৃত সিডিএফ-২৫৮৭৩/- টাকা, গ) অনাদায়ী সিডিএফ- নেই, ঘ) আদায় হার- ১০০%। (৪) **লভ্যাংশ বিতরণ যোগ্য ঃ (৫) আশ্রয়ন/আশ্রয়ন ফেইজ-২ ঃ** ক) মোট আশ্রয়ন= ২টি, আশ্রয়ন (ফেইজ-২)= ০২টি। মোট আশ্রয়ন/আশ্রয়ন ফেইজ-২ = ৪টি এবং সমিতি মোট= ৫টি, খ) ব্যারাক সংখ্যা- ২২টি, গ) কক্ষ ও পূনর্বাসিত পরিবার সংখ্যা- ২২০টি, ঘ) মোট সদস্য সংখ্যা-৪৫১ জন (পুরুষ- ২১২, মহিলা- ২৩৯ জন), ঙ) কমিউনিটি সেন্টার- ০৩ টি, চ) পুকুর/দিঘী- ০৩ টি। **ঋণ সংক্রান্ত ঃ** ক) আবাস হতে প্রাপ্ত মোট বরাদ্দ- ১৬,৬০,০০০/- টাকা, খ) প্রকল্পে ঋণ দাদন (ক্রমপুঞ্জিভূত)- ৪০,৪৩,৫০০/- টাকা, গ) ঋণ আদায় (ক্রমপুঞ্জিভূত)- ২৯,৭৪,০৪৬/- টাকা (আসল- ২৭,৫৩,৭৪৬/- টাকা, সাঃ চাঃ ২,২০,৩০০/- টাকা)। ঘ) খেলাপী ঋণ- ১৫,৫৬,৩৫৪/- টাকা, ঙ) আদায়ের হার- ৮৬%, চ) আবাসে সার্ভিস চার্জ প্রেরণ- ৮২৬১২/- টাকা। সমবায় বিভাগ কর্তৃক প্রকল্প সিভিডিপি হতে প্রেরণসহ এ যাবৎ বিভিন্ন ট্রেডে মোট ৩৪০ জন প্রশিক্ষণ সফলভাবে গ্রহণ করেছেন এর মধ্যে ২০০ জনের স্বকর্মস্থানের সৃষ্টি হয়েছে। এছাড়া বিভাগের কার্যক্রম সুষ্ঠভাবে চলমান রয়েছে। | সমবায় বিভাগের কার্যক্রম সঠিকভাবে তদারকি করার জন্য উপজেলা সমবায় অফিসার-কে অনুরোধ করা হয় | উপজেলা সমবায় অফিসার, আদিতমারী। |
| ১৫ | পল্লী উন্নয়ন বিভাগ | সভায় উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, আদিতমারী সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম সুষ্ঠভাবে চলমান রয়েছে। | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগের কার্যক্রম সঠিকভাবে পরিচালনার জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, আদিতমারী। |
| ১৬ | বন বিভাগ | উপজেলা বন কর্মকর্তা সভায় জানান যে, ২০২৪-২০২৫ অর্থ বছরে (লালমনিরহাট-পাটগ্রাম মহাসড়কের) বদিয়ারটারী চৌপতি মুন্সিবাজার হইতে জোড়া মন্দির পর্যন্ত এবং নামুড়ী বাজার হইতে টুরুর বাজার পলাশী বাজার হয়ে উপজেলার সীমানা পর্যন্ত পর্যন্ত ১০.০০ কিলোমিটার রাস্তা বনায়ন এর কাজ চলমান রয়েছে। এছাড়া লালমনিরহাট-পাটগ্রাম মহাসড়কের আদিতমারী স্বাস্থ্য কমপ্লেক্সে হইতে বৈরাগীর ভিটা পর্যন্ত এবং কদমতলা হইতে নামুড়ী বাজার পর্যন্ত ৫.০০কিলোমিটার (৩য় আবর্ত) রাস্তা বনায়ন করার কাজ চলমান রয়েছে। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | বদিয়ারটারী চৌপতি মুন্সিবাজার হইতে জোড়া মন্দির পর্যন্ত এবং নামুড়ী বাজার হইতে টুরুর বাজার পলাশী বাজার হয়ে উপজেলার সীমানা পর্যন্ত পর্যন্ত ১০.০০ কিলোমিটার এবং লালমনিরহাট-পাটগ্রাম মহাসড়কের আদিতমারী স্বাস্থ্য কমপ্লেক্সে হইতে বৈরাগীর ভিটা পর্যন্ত এবং কদমতলা হইতে নামুড়ী বাজার পর্যন্ত ৫.০০কিলোমিটার (৩য় আবর্ত) রাস্তা বনায়ন করার কাজ নির্ধারিত সময়ের মধ্যে শেষ করতে হবে এবং নিয়মিত মনিটরিং করতে হবে। | উপজেলা বন কর্মকর্তা, আদিতমারী। |

চলমান পাতা-০৫

| | | | | |
|---|---|---|---|---|
| ১৭ | খাদ্য নিয়ন্ত্রক বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, আদিতমারী সভায় জানান যে, খাদ্য বান্ধব কর্মসূচির আওতায় ইউনিয়ন ভিত্তিক মোট ২৬ জন খাদ্য বান্ধব ডিলার কর্তৃক ১৫/-টাকা কেজি দরে কার্ড ধারীদের মাঝে চাল বিক্রয় কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | খাদ্য বান্ধব কর্মসূচির আওতায় ইউনিয়ন ভিত্তিক মোট ২৬ জন খাদ্য বান্ধব ডিলার কর্তৃক ১৫/-টাকা কেজি দরে কার্ড ধারীদের মাঝে চাল বিক্রয় কার্যক্রম নিয়মিত মনিটরিং করতে হবে। কোথাও কোন অনিয়ম হলে তাৎক্ষনিক ভাবে উপজেলা নির্বাহী অফিসার কে অবহিত করতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা, আদিতমারী। |
| ১৮ | সাব-রেজিষ্টার বিভাগ | সাব-রেজিষ্টার কর্মকর্তা, আদিতমারী, লালমনিরহাট সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগের কিছু জানা গেলো না। | বিস্তারিত কার্যপত্রসহ আগামী সভায় আবশ্যিকভাবে উপস্থিত থাকতে হবে।রেজিষ্টার কর্মকর্তা-কে অনুরোধ করা হয়। | সাব-রেজিষ্টার, আদিতমারী। |
| ১৯ | পল্লী সঞ্চয় ব্যাংক | শাখা ব্যবস্থাপক, উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক, আদিতমারী, লালমনিরহাট সভায় জানান যে, চলতি আগস্ট/২০২৫ মাসে বিতরণকৃত ঋণের আদায় হয়েছে ৭৫,০০,০০০/- (পচাত্তর লক্ষ) টাকা এবং বিতরণ হয়েছে ৬০,০০০০০/- (ষাট লক্ষ) টাকা। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | বিতরণকৃত ঋণ আদায়ের হার আরো বৃদ্ধি করতে হবে। | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, আদিতমারী, লালমনিরহাট। |
| ২০ | আনসার ভিডিপি বিভাগ | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, আনসার সদস্য অন্তর্ভুক্তির জন্য অনলাইন সফ্টওয়্যার AVMIS এর মাধ্যমে আবেদন কার্যক্রম চলমান রয়েছে। ১৪দিন মেয়াদী আনসার প্রশিক্ষন কার্যক্রমে ১ম ধাপে ২৫ জন প্রশিক্ষনার্থী জেলা কার্যালয়ে প্রশিক্ষণ গ্রহণ করেছেন। ২য় ধাপে ২৬/০৮/২০২৫ তারিখ হতে শুরু হয়েছে। নির্বাচন ও দুর্গাপূজাকে কেন্দ্র করে কয়েকটি গ্রাম ভিত্তিক ভিডিপি প্রশিক্ষণ কার্যক্রম আগামী মাসেই শুরু হবে। এছাড়া বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | সরকারী নির্দশনা অনুযায়ী কার্যক্রম পরিচালনা করতে হবে এবং মাঠ পর্যায়ে আনসার ভিডিপি কর্মীদের বাল্য বিবাহ, নারী ও শিশু নির্যাতন প্রতিরোধে তথ্যের সোর্স হিসেবে কাজ করতে হবে। কোথাও কোন অপ্রীতিকর পরিস্থিতি/গুজবের সৃষ্টি হলে তাৎক্ষণিক উপজেলা নির্বাহী অফিসার ও পুলিশ প্রশাসনকে জানাতে হবে। | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা, আদিতমারী। |
| ২১ | উপজেলা নির্বাচন বিভাগ | উপজেলা নির্বাচন অফিসার, আদিতমারী, লালমনিরহাট সভায় জানান যে, আগামী জাতীয় সংসদ নির্বাচন কেন্দ্রিক বাংলাদেশ নির্বাচন কমিশন কর্তৃক নির্দেশনা মোতাবেক কার্যক্রম স্বাভাবিক ভাবে পরিচালিত হচ্ছে। | নতুন ভোটার অন্তর্ভূক্তি, স্থানান্তর, ও সংশোধনের ক্ষেত্রে অধিকতর যাচাই বাছাই করতে হবে। কোন ভাবেই যেন কোন রোহিঙ্গা ভোটার তালিকায় নাম জাতীয় পরিচয় পত্র না পায় সে বিষয়ে সর্বোচ্চ সতর্কতা অবলম্বন করতে হবে। | উপজেলা নির্বাচন অফিসার, আদিতমারী। |
| ২২ | পল্লী বিদ্যুৎ সমিতি, আদিতমারী | সভায় পল্লী বিদ্যুৎ সমিতি আদিতমারী জোনাল অফিস এর ডিপুটি জেনারেল ম্যানেজার জানান যে, বর্তমানে আদিতমারী উপজেলায় চাহিদা অনুযায়ী গ্রীড হতে বিদ্যুৎ সরবরাহ পাওয়ায় বর্তমানে লোডশেডিং নেই। আগামী মাস হতে উপজেলায় লাইনের পার্শ্বে গাছের ডাল পালা পরিষ্কার করার কাজ শুরু হবে। নিরাপদ বিদ্যুৎ সচল রাখার জন্য লাইনের পার্শ্বের গাছের ডাল পালা কর্তন করা খুবই জরুরী। এই কাজে গ্রাহকগণের পাশাপাশি জনপ্রতিনিধিদের সহযোগিতা কামনা করছি। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান আছে। | পল্লী বিদ্যুৎ অফিসের কার্যক্রম সঠিকভাবে মনিটরিং এবং বকেয়া বিদ্যুৎ বিল আদায়ের সচেষ্ট থাকতে হবে। | ডিপুটি জেনারেল ম্যানেজার,পল্লী বিদ্যুৎ সমিতি আদিতমারী। |
| ২৩ | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ষ্টেশন,আদিতমারী | সভায় ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ষ্টেশন, কর্মকর্তা, আদিতমারী, লালমনিরহাট সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগের কিছু জানা গেলো না। | অগ্নি সংযোগ প্রতিরোধে সচেতনতামুলক মহড়া কার্যক্রমের বৃদ্ধি করতে হবে এবং বিস্তারিত কার্যপত্রসহ আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ষ্টেশন, কর্মকর্তা, আদিতমারী। |
| ২৪ | উপজেলা পরিসংখ্যান অফিস | উপজেলা পরিসংখ্যান অফিসার, আদিতমারী, লালমনিরহাট জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | বিস্তারিত কার্যপত্রসহ আগামী সভায় আবশ্যিকভাবে উপস্থিত থাকতে হবে। | উপজেলা পরিসংখ্যান অফিসার, আদিতমারী |
| ২৫ | তথ্য আপা প্রকল্প | সভায় তথ্য আপা প্রকল্পের তথ্যসেবা কর্মকর্তা, আদিতমারী জানান যে, তথ্যকেন্দ্রে প্রাথমিক স্বাস্থ্যসেবা, অনলাইন ভিত্তিক সেবা, নারীদের বিভিন্ন সমস্যার সমাধান ও পরামর্শ প্রদান করা হয়েছে। সারপুকুর ইউনিয়নের ৪ নং ওয়ার্ডে এবং ভেলাবাড়ি ইউনিয়নের ৮নং ওয়ার্ডে বাল্যবিবাহ ও নারী নির্যাতন প্রতিরোধ বিষয়ক ২টি উঠান বৈঠক সম্পন্ন হয়েছে। ২ টি উঠান বৈঠকে মোট ১০০ জন নারীকে তথ্যসেবা এবং মোট ২০,০০০ টাকা প্রদান করা হয়েছে। এছাড়া ডোর টু ডোর ও তথ্যকেন্দ্রের সেবা প্রদান চলমান রয়েছে। | তথ্যআপা প্রকল্পের কার্যক্রম সঠিক ভাবে পরিচালনার জন্য তথ্যসেবা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা, আদিতমারী |

| | | | | |
|---|---|---|---|---|
| ২৬ | উপজেলা পাট উন্নয়ন দপ্তর | উপজেলা পাট কর্মকর্তা, আদিতমারী, লালমনিরহাট সভায় জানান যে, তার বিভাগের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিস্তারিত কার্যপত্রসহ আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা পাট অফিসার, আদিতমারী। |
| ২৭ | উপজেলা দারিদ্র্য বিমোচন অফিস | সভায় উপজেলা পল্লী দারিদ্র্য বিমোচন কর্মকর্তা জানান যে, সাধারণ ঋণ কার্যক্রম স্বাভাবিক চলছে এবং ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ, নারী উদ্যোক্তা ঋণ, প্রনোদনা ঋণ-২য় পর্যায়, ও কৃষি উদ্যোক্তা ঋণ চলমান রয়েছে। এছাড়া বিভাগের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | উপজেলা দারিদ্র্য বিমোচন অফিসের কার্যক্রম গতিশীল করতে হবে। | উপজেলা দারিদ্র্য বিমোচন অফিসার, আদিতমারী। |
| ২৮ | ইনোভেশন টিম বিষয়ক | অত্র উপজেলায় ইনোভেশন টিম বিষয়ক সকল কার্যক্রম সঠিক ভাবে চলছে। | সভায় আলোচনান্তে উপজেলা ইনোভেশন টিম বিষয়ক কার্যক্রম গতিশীল করার জন্য অনুরোধ করা হলো | সভাপতি উপজেলা ইনোভেশন টিম,আদিতমারী। |
| ২৯ | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প | সভায় ইউডিএফ অনুপস্থিত থাকায় তার বিভাগের কিছু জানা গেলো না। | বিস্তারিত কার্যপত্রসহ আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | সভাপতি/সদস্য সচিব, সংশ্লিষ্ট কমিটি। |
| ৩০ | বিবিধ | (ক) সভায় উপজেলা বন কর্মকর্তা, পরিবেশ ও বন মন্ত্রণালয়ের ১৫ মে ২০২৫ খ্রি. তারিখের ২২.০০.০০০০.০৬৬.৩১.০০১.২৫.১০০ নং স্মারক পত্র এবং মন্ত্রিপরিষদ বিভাগের ০২ জুলাই ২০২৫ খ্রি. তারিখের ০৪.০০.০০০০.০০০.৫৮১২.৮২.০০০৪.১৯.২২৯ নং স্মারক পত্র পাঠ করে শুনান। বর্ণিত পত্রের আলোকে তিনি সভাকে জানান যে, পরিবেশ, প্রতিবেশ ও জীববৈচিত্র সংরক্ষণের স্বার্থে এবং জাতীয় ও আন্তর্জাতিক অঙ্গীকার পূরণের সাথে সংগতি রেখে আদিতমারী উপজেলা পরিষদ চত্বরে অবস্থিত ইউক্যালিপ্টাস গাছ ২৪টি ও ০৪টি আকাশমনি গাছ প্রকাশ্য নিলামের মাধ্যমে অপসারণ করে নতুন কিছু দেশীয় প্রজাতির ফলজ ও বনজ গাছ রোপন করা প্রয়োজন। তিনি সভায় প্রস্তাবটি অনুমোদনের জন্য অনুরোধ জানান।<br><br>(খ) সভায় প্রশাসক, উপজেলা পরিষদ, জানান যে, স্থানীয় সরকার বিভাগ উপজেলা-১ শাখার গত ১৭ আগস্ট ২০২৫ খ্রি. তারিখের ৪৬.০০.০০০০.০০০.০৪৬.১৫.০০০৪.২২.২৩৭ নং অফিস আদেশে উপজেলা পরিষদের দৈনিক হাজিরা ভিত্তিতে নিয়োজিত শ্রমিকদের দৈনিক প্রদেয় মজুরির হার ৭০০/- (সাতশত টাকা) নির্ধারণ করেছেন। যা ০১ জুলাই ২০২৫ তারিখ হতে কার্যকর হবে। বর্ণিত আদেশ মোতাবেক এ উপজেলা পরিষদে কর্মরত জনাব চিত্তরঞ্জন রায়, মালী এবং জনাব সুভাষ চন্দ্র রায়, ঝাড়ুদার এর দৈনিক প্রদেয় মজুরির হার ৭০০/- (সাতশত) টাকা নির্ধারণ করার প্রস্তাব করেন। | পরিবেশ, প্রতিবেশ ও জীববৈচিত্র সংরক্ষণের স্বার্থে এবং জাতীয় ও আন্তর্জাতিক অঙ্গীকার পূরণের সাথে সংগতি রেখে আদিতমারী উপজেলা পরিষদ চত্বরে অবস্থিত ক্ষতিকর ইউক্যালিপ্টাস গাছ ২৪টি ও ০৪টি আকাশমনি গাছ অপসারণের নিমিত্ত প্রকাশ্য নিলামের মাধ্যমে বিক্রয়ের প্রস্তাবটি সর্বসম্মতিক্রমে অনুমোদিত হলো। এ বিষয়ে উপজেলা বন বিভাগকে সার্বিক সহযোগিতা করার জন্য অনুরোধ জানানো হলো।<br>(খ) স্থানীয় সরকার বিভাগ উপজেলা-১ শাখার গত ১৭ আগস্ট ২০২৫ খ্রি. তারিখের ৪৬.০০.০০০০.০০০.০৪৬.১৫.০০০৪.২২.২৩৭ নং অফিস আদেশ মোতাবেক এ উপজেলা পরিষদে কর্মরত জনাব চিত্তরঞ্জন রায়, মালী এবং জনাব সুভাষ চন্দ্র রায়, ঝাড়ুদার এর দৈনিক প্রদেয় মজুরির হার ৭০০/- (সাতশত) টাকা নির্ধারণ করা হলো। যা ০১ জুলাই ২০২৫ তারিখ হতে কার্যকর হবে। | প্রশাসক আদিতমারী উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী, আদিতমারী।<br><br>প্রশাসক আদিতমারী উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার, আদিতমারী। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৮/০৮/২০২৫

(বিধান কান্তি হালদার)
প্রশাসক
উপজেলা পরিষদ
আদিতমারী, লালমনিরহাট।



২৮/০৮/২৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
আদিতমারী, লালমনিরহাট।
aditmari.lalmonirhat.gov.bd

স্মারক নং: ০৫.৪৭.৫২০২.০০০.০২.০৬৬.২৫- ১১৬৭ (৪০) তারিখ: ১১ ভাদ্র ১৪৩২ / ২৬ আগস্ট ২০২৫

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে):-

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
০৩। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।
০৪। জেলা প্রশাসক, লালমনিরহাট।
০৫। উপপরিচালক, স্থানীয় সরকার, লালমনিরহাট।
০৬। উপজেলা ........................................................................ অফিসার, আদিতমারী, লালমনিরহাট।
০৭। চেয়ারম্যান ........................................................................(সকল) ইউ.পি, আদিতমারী, লালমনিরহাট।
০৮। ........................................................................আ দিতমার, লালমনিরহাট।

27/08/25

(বিধান কান্তি হালদার)
উপজেলা নির্বাহী অফিসার
আদিতমারী, লালমনিরহাট
ফোন ঃ ০৫৯২২-৫৬০০১ (অফিস)
ফ্যাক্স নং ঃ ০৫৯২২-৫৬০৮০
Email. unoaditmari@mopa.gov.bd

27/08/25